# DH

# PROSPECTUS

# 2023-24

# দারুল হিকমাহ

[দারসে নিজামি ভিত্তিক একটি অনলাইন শিক্ষা-প্রতিষ্ঠান]

بسم الله الرحمن الرحيم

## দারুল হিকমাহ কী ও কেন ?

দ্বীনি শিক্ষাকে সহজ ও ব্যাপক করার লক্ষ্যে দারুল হিকমাহ-র প্রতিষ্ঠা । এটি দ্বীনি শিক্ষা অনুরাগী বাংলাভাষী ভাইদের জন্য দারসে নিজামি ভিত্তিক একটি অনলাইন শিক্ষা-প্রতিষ্ঠান। দারুল হিকমাহ-র যাবতীয় কার্যক্রম দারুল উলূম দেওবন্দের কয়েকজন সিনিয়র অধ্যাপকের নিয়ন্ত্রণ ও নির্দেশনায় পরিচালিত হয় । এই অনলাইন শিক্ষাকেন্দ্রে যে কোনো বয়স ও যে কোনো পেশার পুরুষ যুক্ত হতে পারেন । মহিলাদের জন্য স্বতন্ত্রভাবে কোর্স চালু করার প্রচেষ্টা চলছে।

সুযোগ্য ইসলামি স্কলারদের নিয়ে গঠিত একটি বোর্ড ব্যস্ততম শিক্ষার্থীদের সময়-সুযোগ অনুসারে দারুল হিকমাহ-র পাঠ্যক্রমগুলি তৈরি করেছে । নির্ভরযোগ্য ও মনোনীত আলিমদের অধীনে বাড়িতে থেকেই আলিম হওয়ার স্বপ্ন এখন বাস্তব। আপনার বাড়িই হয়ে উঠুক আপনার মাদ্রাসা । লাইভ ভিডিও কনফারেন্সের মাধ্যমে যোগ্য উস্তাদদের তত্ত্বাবধানে থেকে উচ্চমানের দ্বীনি শিক্ষায় শিক্ষিত হয়ে নিজের, পরিবারের এবং সমাজের দ্বীনি চাহিদা পূরণ করা আপনার জন্য সহজ হয়ে উঠবে ইন্‌ শা-আল্লাহ । তবে স্মরণ রাখতে হবে, অফলাইনের মাদ্রাসা-শিক্ষা এবং সরাসরি উলামাদের সোহবতে থেকে উপকৃত হওয়ার সঠিক বিকল্প কিছুই নেই।

## দারুল হিকমাহ-র কোর্সসমূহ

### ∆ ফাজিলাহ কোর্স পরিচিতি

এটি একটি বিস্তৃত, ছয় বছরের কোর্স । সম্পূর্ণ কোর্সে ১৮ টি সেমিস্টার ও ৭২০০ ক্লাস আছে। এই কোর্সের প্রত্যেক শিক্ষার্থীকে সপ্তাহে ছয় দিন, দৈনিক ২ ঘন্টা ক্লাস করতে হবে।

### ভর্তি সংক্রান্ত তথ্য —

**যোগ্যতা :** ন্যূনতম ৮ম শ্রেণি পাশ অথবা কুরআনের হাফেজ । বাংলা ভাষাতে পড়া ও লেখায় পারদর্শী।

**ভর্তি ফি :** ১০০০ রুপি। মাসিক ফি ৫০০ রুপি। সেমিস্টার ফি একসাথে আদায় করলে ৫% ছাড় এবং বার্ষিক ফি এককালীন আদায় করলে ১০% ছাড়।

### ∆ পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত বিষয়াবলী—

- শুদ্ধ কুরআন শিক্ষা
- অনুশীলন-সহ সম্পূর্ণ নাহ্‌ ও সরফ ( আরবি ব্যাকরণ )
- আরবি সাহিত্য ( টেক্সট, ট্রান্সলেশন, অনুশীলন )
- ইনশা (ট্রান্সলেশন )
- বালাগাহ ( অলংকার শাস্ত্র )
- উসুলুল ফিকহ ( ইসলামি আইনশাস্ত্রের নীতিমালা )

- ❖ আকিদাহ ( ইসলামি ধর্মতত্ত্ব )
- ❖ ফিকহ ( আইনশাস্ত্র )
- ❖ উসুলুত তাফসির ( তাফসিরের মূলনীতি )
- ❖ তাফসিরুল কুরআন ( কুরআনের অনুবাদ ও ব্যাখ্যা )
- ❖ উসুলুল-হাদিস ( হাদিসের মূলনীতি )
- ❖ হাদিস ( সিহাহ সিত্তাহ্ ও অন্যান্য )
- ❖ সিরাহ ( নবী স. -এঁর জীবনী )

দারুল হিকমাহ পরিচালিত 'ফাজিলাহ' কোর্সটি বিশেষভাবে তাঁদের জন্য সাজানো, যাঁরা দ্বীনি শিক্ষার গুরুত্ব ও ফজিলত সম্পর্কে জ্ঞাত হয়ে তা অর্জনে ভীষণ আগ্রহী । কিন্তু কর্ম ও সাংসারিক জীবনের নানান ব্যস্ততা তাঁদের এই আগ্রহে বাধা হয়ে দাঁড়িয়েছে। অনুরূপ যে সমস্ত ভাইয়েরা মাদ্রাসাতে ভর্তি হয়েও আলিম হওয়ার আগেই কোনো কারণে পড়াশোনা স্থগিত করতে বাধ্য হয়েছেন, তাঁদের জন্যও দারুল হিকমাহ একটি উপযোগী প্ল্যাটফর্ম। এছাড়াও সিনিয়র / হাই মাদ্রাসার বর্তমান বা প্রাক্তন ছাত্রভাইয়েরা এই অনলাইন শিক্ষা-প্রতিষ্ঠান থেকে দারসে নিজামি পাঠ্যক্রমে যোগ্য আলিম হয়ে উঠতে পারেন।



## ∆ লার্ন অ্যারাবিক কোর্স পরিচিতি

দারুল হিকমাহতে আপনি আপনার পছন্দের বিষয় বেছে নিয়েও পড়ার সুযোগ পাবেন। যেমন, আপনি যদি শুধুমাত্র আরবি ভাষা ও ব্যাকরণে ব্যুৎপত্তি অর্জন করতে চান, সেক্ষেত্রেও দারুল হিকমাহ আপনার আস্থা ও ভরসার প্রতিষ্ঠান।

আপাতত সীমিত আসনে ৩ বছরের মেয়াদে আরবি ভাষা-কেন্দ্রিক এই সুযোগটি পাওয়া যাবে। আগ্রহী শিক্ষার্থীকে দৈনিক ১ ঘন্টা ৩০ মিনিট ক্লাস করতে হবে । এখানে সর্বমোট ৯ টি সেমিস্টার ও ২৭০০ ক্লাস আছে।

## ভর্তি সংক্রান্ত তথ্য—

**যোগ্যতা :** ন্যূনতম ৮ম শ্রেণি পাশ। বাংলা ভাষাতে পড়া ও লেখায় পারদর্শী হওয়া এবং শুদ্ধ কুরআন পড়তে পারা।

**ভর্তি ফি :** ১০০০ রুপি। মাসিক ফি ৫০০ রুপি। সেমিস্টার ফি একসাথে আদায় করলে ৫% ছাড় এবং বার্ষিক ফি এককালীন আদায় করলে ১০% ছাড়।

## ∆ পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত বিষয়াবলী—

- ➢ অনুশীলন-সহ সম্পূর্ণ নাহ্ ও সরফ (আরবি ব্যাকরণ)
- ➢ আরবি সাহিত্য-পাঠ ( অনুশীলন-সহ )

- ইনশা (ট্রান্সলেশন)
- তারকিব
- ৩০ তম পারা ইজরা, শব্দার্থ ও অনুবাদ
- বালাগাহ ( অলংকার শাস্ত্র )

❝ تعلموا العربية؛ فإنها من دينكم ❞
— عمر بن الخطاب

❝ তোমরা আরবি শেখো; কেননা তা দ্বীনেরই অংশ। ❞

—[ উমার ইবনুল খাত্তাব রা. ]

কুরআন-হাদিস, আকিদা, উসুল, ফিকহ ইত্যাদি সঠিকভাবে বোঝার সর্বপ্রথম ও প্রাথমিক ধাপ আরবি ভাষায় দক্ষ হওয়া। অনুবাদ-সাহিত্য আঁকড়ে কিছু তথ্য হয়তো হাসিল করা যায়, কিন্তু সত্যিকার ইলম অর্জন হয় না। ইসলামের যে কোনো বিষয়ের অ্যাকাডেমিক তাহকিক বা যাচাইকরণও আরবি ভাষায় যথেষ্ট ব্যুৎপত্তি থাকা ব্যতীত কার্যত অসম্ভব। যারা আরবি ভাষা শিখতে ভীষণ আগ্রহী ছিলেন, কিন্তু কীভাবে, কোথা থেকে শুরু করবেন, ভেবে পাচ্ছিলেন না; তাঁদের জন্য এটি বর্ণময় সুযোগ। অনুরূপ সরকারি / বেসরকারি মাদ্রাসার ছাত্রভাইয়েরা, যাঁরা আরবি ব্যাকরণ ও ভাষাতে সাবলীল নন, তাঁরাও সুযোগটি কাজে লাগাতে পারেন।




## ∆ কুরআন ও নামাজ শিক্ষা কোর্স পরিচিতি

দ্বীনি শিক্ষার প্রতি সর্বোচ্চ আগ্রহ ও চরম অনুরাগ সত্ত্বেও যদি আপনার পর্যাপ্ত সময়-সুযোগ না থাকে, তবুও হতাশ হওয়ার কারণ নেই। দারুল হিকমাহ পরিচালিত 'কুরআন ও নামাজ শিক্ষা' কোর্সে অংশ নিয়ে দৈনিক মাত্র এক ঘন্টা সময় ব্যয় করে আপনি মাসাইল-সহ পূর্ণরূপে নামাজ এবং তাজবিদ-সহ শুদ্ধ কুরআন পড়া শিখতে পারবেন।

এটি একটি সংক্ষিপ্ত, তিন মাসের কোর্স। সম্পূর্ণ কোর্সে ৭৫+ ক্লাস আছে। এই কোর্সের প্রত্যেক শিক্ষার্থীকে সপ্তাহে ছয় দিন, দৈনিক ১ ঘন্টা ক্লাস করতে হবে।

## ভর্তি সংক্রান্ত তথ্য —

**যোগ্যতা :** ন্যূনতম বাংলা ভাষাতে পড়ায় পারদর্শী এবং অনলাইন ক্লাসের বিষয়ে ওয়াকিবহাল হতে হবে।

**কোর্স ফি :** ২০০০ রুপি। ভর্তির সময়ে ১০০০ টাকা এবং এক মাস ক্লাস করার পরে বাকি ১০০০ টাকা আদায় করতে হবে। সম্পূর্ণ কোর্স ফি একসাথে আদায় করলে ৫% ছাড়।

## ∆ পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত বিষয়াবলী—

- নূরানী ক্বায়েদাহ শিক্ষা।
- তাজবিদ-সহ নির্বাচিত কয়েকটি সুরার অনুশীলন।

- তাজবিদ (কুরআন পড়ার নীতিমালা) শিক্ষা।
- তহারাত, ওজু, গোসল ও নামাজের মাসাইল শিক্ষা।
- নির্বাচিত মাসাইলের পর্যাপ্ত অনুশীলন।

## ∆ কুরআন পড়া ও মাসাইল শিক্ষা কোর্স পরিচিতি

এটি একটি সংক্ষিপ্ত, ৪ মাসের কোর্স। সম্পূর্ণ কোর্সে ১০০+ ক্লাস আছে। এই কোর্সের প্রত্যেক শিক্ষার্থীকে সপ্তাহে ছয় দিন, দৈনিক ১ ঘন্টা ক্লাস করতে হব।

## ভর্তি সংক্রান্ত তথ্য —

**যোগ্যতা :** দারুল হিকমাহ পরিচালিত ‘কুরআন ও নামাজ শিক্ষা’ কোর্সে উত্তীর্ণ হতে হবে অথবা তাজবিদ-সহ সম্পূর্ণ নূরানী কায়েদাহ পড়া এবং মাসাইল-সহ নামাজ পড়া জানতে হবে৷

**কোর্স ফি :** ২০০০ রুপি। ভর্তির সময়ে ১০০০ টাকা এবং এক মাস ক্লাস করার পরে বাকি ১০০০ টাকা আদায় করতে হবে। সম্পূর্ণ কোর্স ফি একসাথে আদায় করলে ৫% ছাড়।

## ∆ পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত বিষয়াবলী—

- তাজবিদ-সহ সাবলীলভাবে কুরআন তিলাওয়াত শিক্ষা
- তাজবিদ (কুরআন পড়ার নীতিমালা) -এর অনুশীলন
- রোজা, হজ, জাকাত, নিকাহ-তালাক, সুদ ও ব্যবসা ইত্যাদি বিবিধ মাসাইল শিক্ষা
- সমস্ত মাসাইলের অনুশীলন

❝ طلب العلم فريضة على كل مسلم. ❞ [ ابن ماجة : ٢٢٤ ]

❝ দ্বীনি শিক্ষা অর্জন করা প্রত্যেক মুসলিমের জন্য অপরিহার্য। ❞ —[ ইবনু মাজাহ : ২২৪ ]

উক্ত হাদিসকে সামনে রেখে দারুল হিকমাহ পরিচালিত ‘কুরআন ও নামাজ শিক্ষা’ কোর্স, এবং ‘কুরআন পড়া ও মাসাইল শিক্ষা’ কোর্স প্রত্যেক মুসলিমের নৈর্ব্যক্তিক, পারিবারিক, সামাজিক ক্ষেত্রের দ্বীনি চাহিদা ও প্রয়োজন অনুযায়ী সুবিন্যস্ত। এই কোর্সদ্বয় সম্পন্ন করার পর একজন মুসলিমের দ্বীন ও সুন্নাহ মোতাবেক জীবনপথ অতিবাহিত করা অত্যন্ত সহজ হয়ে উঠবে ইন শা-আল্লাহ্।



## দারুল হিকমাহতে কীভাবে ভর্তি হবেন?

১. যে কোনো কোর্সেই ভর্তি হওয়ার জন্য যোগাযোগের নির্দিষ্ট যে কোনো একটি নম্বরে কল করে বা হোয়াটসঅ্যাপে আপনি কোন কোর্সে আগ্রহী তা জানাতে হবে। যোগাযোগ নম্বর— 8017425233 / 7300696413।

২. আপনি ভর্তির উপযুক্ত হলে আপনার হোয়াটসঅ্যাপে দারুল হিকমাহ -এর তরফে একটি ভর্তি-ফর্ম এর লিংক দেওয়া হবে সেটিতে ক্লিক করে অথবা darulhikmah.in ওয়েবসাইট ভিজিট করে ভর্তি-ফর্ম পূরণ করে পাঠাতে হবে।

৩. ফর্ম পূরণ করার পর নিম্নের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ভর্তি ফি জমা করতে হবে। ব্যাঙ্ক অ্যাকাউন্ট ডিটেইলস :

UPI ID : darulhikmah@yesbank

Or scan here

AC NO. : 098888700000072

AL HIKMAH EDUCATION V WELFARE TRUST

IFSC : YESB0000988

or

AC NO. : 50200075364595

AL HIKMAH EDUCATION

IFSC : HDFC0002492

৪. ফিস জমা দেওয়ার স্ক্রিনশট নিয়ে সেটি হোয়াটসঅ্যাপে পাঠালে আপনি নির্দিষ্ট কোর্সের নির্দিষ্ট ব্যাচের হোয়াটসঅ্যাপ গ্রুপে জয়েন হতে পারবেন। ক্লাস শুরু হওয়া পর্যন্ত সমস্ত প্রক্রিয়ার আপডেট আপনি এই গ্রুপেই পেয়ে যাবেন।

৫. ভর্তি-প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর নির্দিষ্ট ক্লাসের পাঠ্যপুস্তকের তালিকা আপনাকে দেওয়া হবে। ক্লাস শুরু হওয়ার আগে সেগুলির হার্ড কপি আপনাকে সংগ্রহ করে নিতে হবে। হার্ড কপি সংগ্রহ করার ক্ষেত্রে দারুল হিকমাহ আপনাকে সর্বোচ্চ সহায়তা করবে। প্রয়োজনে আপনার ঠিকানাতে পাঠানোর ব্যবস্থাও করবে। তবে বইয়ের ক্রয়মূল্য আপনাকে পরিশোধ করতে হবে।

## ফিস সম্পর্কে জানুন

### ❖ ফাজিলাহ কোর্স ( ৬ বছর )

ভর্তি ফি : ১০০০ রুপি।

মাসিক ফি : ৫০০ রুপি (সকলের জন্য)।

### ❖ আলিমিয়্যাহ ফার্স্ট ইয়ার ( মাওলানা দ্বিতীয় বর্ষ )

ভর্তি ফি : ১২০০ রুপি (নতুনদের জন্য), ৬০০ রুপি (পুরাতনদের জন্য)।

মাসিক ফি : ৫০০ রুপি (সকলের জন্য)।

### ❖ আলিমিয়্যাহ সেকেন্ড ইয়ার ( মাওলানা তৃতীয় বর্ষ )

ভর্তি ফি : ১৫০০ রুপি (নতুনদের জন্য), ৮০০ রুপি (পুরাতনদের জন্য)।

মাসিক ফি : ৫০০ রুপি (সকলের জন্য)।

## ❖ লার্ন অ্যারাবিক কোর্স ( ৩ বছর )

ভর্তি ফি : ১০০০ রুপি (নতুনদের জন্য), ৬০০ রুপি (পুরাতনদের জন্য) )।

মাসিক ফি : ৫০০ রুপি (সকলের জন্য)।

## ❖ কুরআন ও নামাজ শিক্ষা কোর্স

কোর্স ফি : ২০০০ রুপি। ভর্তির সময়ে ১০০০, এক মাস পরে ১০০০।

*** যারা মাসে মাসে ফিস জমা করবেন তাদের প্রতি ইংরেজি মাসের ৫ তারিখের মধ্যে ফিস জমা করতে হবে। অন্যথায় ক্লাসরুম আইডি রিনিউ হবে না।

*** সেমিস্টার ফিস (চার মাস) একসাথে জমা করলে ৫% ও বার্ষিক ফিস একসাথে জমা করলে ১০% ছাড়ের সুযোগ থাকবে।

## ভর্তির শর্তাবলী

∆ ভর্তি-আগ্রহী সমস্ত প্রার্থীকে যোগ্যতা যাচাইয়ের মাধ্যমে ভর্তি নেওয়া হবে।

∆ ফাজিলাহ (মাওলানা) কোর্সে ভর্তি হওয়ার জন্য ন্যূনতম ৮ম শ্রেণি পাশ অথবা কুরআনের হাফেজ হতে হবে। এবং বাংলা ভাষাতে পড়া ও লেখায় পারদর্শী হতে হবে।

∆ কুরআন ও নামাজ শিক্ষা কোর্সে ভর্তি হওয়ার জন্য নূন্যতম বাংলা ভাষাতে পড়ায় পারদর্শী এবং অনলাইন ক্লাসের বিষয়ে ওয়াকিবহাল হতে হবে।

∆ কুরআন পড়া ও মাসাইল শিক্ষা কোর্সে ভর্তি হওয়ার জন্য দারুল হিকমাহ পরিচালিত 'কুরআন ও নামাজ শিক্ষা' কোর্সে উত্তীর্ণ হতে হবে অথবা তাজবিদ-সহ সম্পূর্ণ নূরানী কায়েদাহ পড়া এবং মাসাইল-সহ নামাজ পড়া জানতে হবে৷

∆ ভর্তির প্রাথমিক সমস্ত প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পরে একটি ক্লাসরুম আইডি দেওয়া হবে। উক্ত আইডির মাধ্যমে নির্দিষ্ট ক্লাসে জয়েন হওয়া যাবে। প্রত্যেক ইংরেজি মাসের ৬ তারিখে এটি রিনিউ হবে।

## দারুল হিকমাহ-র ক্লাসরুম

দারুল হিকমাহ সম্পূর্ণ অনলাইন নির্ভর শিক্ষা-প্রতিষ্ঠান। এর প্রতিটি ক্লাস টিচমেন্ট অ্যাপের মাধ্যমে লাইভ স্ট্রিমিং হবে। নির্দিষ্ট পোর্টালে প্রতিটি ক্লাসের ভিডিও রেকর্ডিং, স্টাডি ম্যাটেরিয়ালস ইত্যাদি আপলোডের ব্যবস্থা থাকবে। সে কারণে দারুল হিকমাহ-র সমস্ত শিক্ষার্থীর কাছে পর্যাপ্ত স্পিডের নেট সংযোগ-সহ অ্যান্ড্রয়েড/আইওএস অথবা ডেস্কটপের সুবিধা থাকতে হবে। মোবাইল স্ট্যান্ড এবং হেডফোনের ব্যবস্থাও শিক্ষার্থীকে করতে হবে।

## ক্লাসের সময়সূচি ও ছুটি

- ফাজিলাহ কোর্স সপ্তাহে ছয় দিন দৈনিক রাত ৮.৩০ থেকে ১০.৩০ হবে।
- লার্ন অ্যারাবিক কোর্সের সময় — রাত ৯.০০ থেকে ১০.৩০ দৈনিক।

- কুরআন ও নামাজ  শিক্ষা কোর্সের সময় — রাত ৮.৩০ থেকে ৯. ৩০ দৈনিক।
- কুরআন পড়া ও মাসাইল  শিক্ষা কোর্সের সময় — রাত ৯. ৩০ থেকে ১০.৩০ দৈনিক।

*** সমস্ত কোর্সের সাপ্তাহিক ছুটি রবিবার । ঋতুভেদে ক্লাসের সময় ঈষৎ পরিবর্তন হবে।

## পাঠ্যবই

প্রত্যেক শিক্ষার্থীর কাছে পাঠ্যবইয়ের হার্ডকপি থাকা বাধ্যতামূলক । নির্দিষ্ট ক্লাসের পাঠ্যপুস্তকের তালিকা অনুযায়ী সেগুলির হার্ডকপি শিক্ষার্থীকে সংগ্রহ করে নিতে হবে । হার্ডকপি সংগ্রহ করার ক্ষেত্রে দারুল হিকমাহ সর্বোচ্চ সহায়তা করবে । প্রয়োজনে শিক্ষার্থীর ঠিকানাতে পাঠানোর ব্যবস্থাও করবে । তবে বইয়ের ক্রয়মূল্য শিক্ষার্থীকে পরিশোধ করতে হবে।

## পরীক্ষা

প্রতি দু'মাসে ক্লাস টেস্ট নেওয়া হবে । টিচমেন্ট অ্যাপের নির্দিষ্ট পোর্টালেই এই টেস্টের ব্যবস্থা থাকবে। এক শিক্ষাবর্ষে তিনটি সেমিস্টার থাকবে । ১ম ও ২য় সেমিস্টারের পরীক্ষা অনলাইন হবে কিন্তু ফাইনাল পরীক্ষা অফলাইন হবে, নির্বাচিত সেন্টারে উপস্থিত হয়ে পরীক্ষা দিতে হবে। তিনটি সেমিস্টারের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই মার্কশিট তৈরি হবে।

## সনদ বা সার্টিফিকেট

কুরআন ও নামাজ  শিক্ষা কোর্স, কুরআন পড়া ও মাসাইল  শিক্ষা কোর্স বা আরবি ভাষা শিক্ষা কোর্স সম্পন্ন করলে যথানিয়মে দারুল হিকমাহ-র তরফে সার্টিফিকেট প্রদান করা হবে। ফাজিলাহ কোর্সের ক্ষেত্রে কোর্স সম্পন্ন করলেই সার্টিফিকেট প্রদান করা হবে না । এক্ষেত্রে শিক্ষার্থীকে সম্পূর্ণরূপে সুন্নাহর অনুসারী হয়ে চলতে হবে । এবং এর প্রমাণস্বরূপ দারুল হিকমাহ প্রদত্ত একটি ফর্ম, স্থানীয় দু' জন আলিমের স্বাক্ষর-সহ পূরণ করে জমা করতে হবে । দারুল হিকমাহ কর্তৃপক্ষ বিষয়টি ভেরিফাই করার পরেই উপযুক্ত শিক্ষার্থীকে নিয়ামক পরিষদের ( দারুল উলূম দেওবন্দের কতিপয় সম্মানীয় অধ্যাপক ) স্বাক্ষর সম্বলিত সার্টিফিকেট প্রদান করবে।



# Syllabus of Fazeelah Course

## Bridge Class (মাওলানা ১ম বর্ষ)

[ আলিমিয়্যাহ প্রস্তুতিমূলক কোর্স। মেয়াদ : ০১ বছর, ১২০০+ ক্লাস, শিক্ষাঘন্টা : ৯০০ ]

| SEMESTER (1) | SEMESTER (2) | SEMESTER (3) |
|---|---|---|
| ❖ নূরানী ক্বায়েদাহ তাজবিদ-সহ<br>❖ এসো আরবী শিখি (প্রথম অধ্যায়)<br>❖ মিসবাহুস সরফ (ভূমিকা থেকে 'মুজারে' অধ্যায় শেষ )<br>❖ উর্দু ভাষা শিক্ষা + আরবী হাতের লেখা | ❖ ৩০ নং পারা নাযিরহ<br>❖ এসো আরবী শিখি (দ্বিতীয় ও তৃতীয় অধ্যায়)<br>❖ মিসবাহুস সরফ ('নাফি তাকিদ বালান' থেকে 'ইসমে তাফজিল' শেষ )<br>❖ উর্দু ভাষা শিক্ষা + আরবী হাতের লেখা | ❖ ১ম ও ২য় পারা নাযিরহ<br>❖ এসো আরবী শিখি (দ্বিতীয় খন্ড, প্রথম অধ্যায় )<br>❖ মিসবাহুস সরফ ( 'মুনশা'য়িব" অধ্যায়)<br>❖ উর্দু ভাষা শিক্ষা + উর্দু হাতের লেখা |

## Alimiyyah Course

[ ব্যাচেলর ইন ইসলামিক স্টাডিজ, মেয়াদ : ০৩ বছর, ৩৬০০+ ক্লাস, শিক্ষাঘন্টা : ২৭০০ ]

## Alimiyyah 1st Year (মাওলানা ২য় বর্ষ)

| SEMESTER (1) | SEMESTER (2) | SEMESTER (3) |
|---|---|---|
| ❖ নাযিরহ ( ৩য় ও ৪র্থা পারা )<br>❖ সহজে নাহ্ব শিখব ( ৮টি দারস অনুশীলন-সহ)<br>❖ মিসবাহুস সরফ (পুনরালোচনা) + আল হাদি ইলাস সরফ ( শুরু থেকে ৪৮ পৃষ্ঠা , মুজাআফের কায়েদা শেষ)<br>❖ আত তামরীনুল কিতাবী (৩০টি তামরীন) | ❖ নাযিরহ ( ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পারা)<br>❖ সহজে নাহ্ব শিখব ৮টি দারস অনুশীলন-সহ )<br>❖ আল হাদি ইলাস সরফ ( ৪৮ থেকে ৮৭ পৃষ্ঠা, আসমায়ে মুশতাক্কাত শেষ )<br>❖ আত তামরীনুল কিতাবী (৩০টি তামরীন ) | ❖ নাযিরহ ( ৮ম, ৯ম ও ১০ম পারা )<br>❖ সহজে নাহ্ব শিখব (৬টি দারস অনুশীলন-সহ )<br>❖ আল হাদি ইলাস সরফ ( ৮৮ পৃষ্ঠা থেকে শেষ )<br>❖ নাফহাতুল আদাব ( ৩০ পৃষ্ঠা তারকীব সহ ) |

## Alimiyyah 2nd Year (মাওলানা ৩য় বর্ষ)

| SEMESTER (1) | SEMESTER (2) | SEMESTER (3) |
|---|---|---|
| ❖ তারজামাহ (সূরা ‘না-স’ থেকে ‘নাবা' শেষ)<br>❖ হিদায়াতুন নাহু অনুশীলন-সহ<br>❖ নাফহাতুল আরব (৪০ পৃষ্ঠা)+ এসো বালাগত শিখি (‘আল বাবুছ ছানী' শেষ)<br>❖ এসো ফিক্বহ্ শিখি | ❖ তারজামাহ (সূরা ‘হুজুর-ত’ থেকে ‘মুজাদালাহ' শেষ )<br>❖ হিদায়াতুন নাহু অনুশীলন-সহ<br>❖ নাফহাতুল আরব (৮০ পৃষ্ঠা)+ এসো বালাগত শিখি (‘আল বাবুল খামিস' শেষ)<br>❖ নূরুল ঈদ্বহ (‘বাবু যাল্লাতিল ক্বরি’ শেষ) | ❖ তারজামাহ (সূরা ‘হাশর’ থেকে ‘মুরসালাত' শেষ )<br>❖ হিদায়াতুন নাহু অনুশীলন-সহ<br>❖ শারহু মিআতি আমিল + এসো বালাগত শিখি (‘আল বাবুছ ছামিন' শেষ)<br>❖ নূরুল ঈদ্বহ (‘কিতাবুয যাকাত’ শেষ) |

## Alimiyyah 3rd Year (মাওলানা ৪র্থ বর্ষ)

| SEMESTER (1) | SEMESTER (2) | SEMESTER (3) |
|---|---|---|
| ❖ তারজামাহ (সূরা ‘ফা-তিহাহ’ থেকে ‘আ-লি ইমর-ন' শেষ )<br>❖ ক্বুদূরী (কিতাবুল হাজ্জ + কিতাবুল বুয়ূ)<br>❖ আল ফাউযুল কাবীর<br>❖ তাসহীলুল উসূল + আক্বীদাতুত তহাবী | ❖ তারজামাহ (সূরা ‘নিসা’ থেকে ‘আন’আ-ম' শেষ )<br>❖ হিদায়া আউওয়াল (শুরু থেকে ‘বাবু শুরূতিস স্বলাহ্’ শেষ)<br>❖ তারজামাহ (সূরা ‘হিজর’ থেকে ‘নামাল' শেষ)<br>❖ উসূলুশ শাষী (শুরু থেকে ‘আত তামাস্সুকাতুদ্ব দ্ব'য়ীফাতুল ফাসিদাহ' শেষ) | ❖ তারজামাহ (সূরা ‘আ'র-ফ’ থেকে ‘র’আদ' শেষ )<br>❖ হিদায়া আউওয়াল (‘বাবু স্বিফাতিস স্বলাহ্’ থেকে ‘কিতাবুস স্বউম' শেষ)<br>❖ তারজামাহ (সূরা ‘ক্বস্বস’ থেকে ‘ফাত্হ্' শেষ)<br>❖ উসূলুশ শাষী (‘তাক্বরীরু হুরূফিল মা'আনী’ থেকে কিতাব শেষ) |

# Fazeelah Course

[ মাস্টার ইন ইসলামিক স্টাডিজ, মেয়াদ : ০২ বছর, ২৪০০+ ক্লাস, শিক্ষাঘন্টা : ১৮০০ ]

## Fazeelah 1st Year (মাওলানা ৫ম বর্ষ)

| SEMESTER (1) | SEMESTER (2) | SEMESTER (3) |
|---|---|---|
| ➢ তাফসীরুল জালালাইন (শুরু থেকে ৫ পারা শেষ)<br>➢ মুস্বতলাহাতুল হাদীস + নুখবাতুল ফিকর + মিশকাতুল মাস্ব-বীহ্ (শুরু থেকে 'বাবুত তাশাহহুদ' শেষ)<br>➢ হিদায়া ছানী ('কিতাবুন নিকাহ্' থেকে 'বাবু তাফবীযিত তলাক্ব' শেষ)<br>➢ মিশকাতুল মাস্ব-বীহ্ ('কিতাবুল জিহাদ' থেকে 'বাবুর রিইয়া' শেষ) | ➢ তাফসীরুল জালালাইন (৬ পারা থেকে ১১ পারা শেষ)<br>➢ মিশকাতুল মাস্ব-বীহ্ ('বাবুদ দু'আ আলান নাবী' থেকে 'বাবুল ইসতিগফার' শেষ)<br>➢ হিদায়া ছানী ('বাবুল আয়মান ফিত তলাক্ব' থেকে 'কিতাবুত তলাক্ব' শেষ)<br>➢ তাফসীরুল জালালাইন (২৪ পারা থেকে ৩০ পারা শেষ) | ➢ তাফসীরুল জালালাইন (১২ পারা থেকে ১৭ পারা শেষ)<br>➢ মিশকাতুল মাস্ব-বীহ্ ('বাবুদ দু'আ ইনদাস স্বলাহ্' থেকে 'কিতাবুল ইমারহ্' শেষ)<br>➢ তাফসীরুল জালালাইন (১৮ পারা থেকে ২৩ পারা শেষ)<br>➢ মিশকাতুল মাস্ব-বীহ্ ('বাবুল বুকা ওয়াল খউফ' থেকে কিতাব শেষ) |

## Fazeelah Final Year (মাওলানা ৬ষ্ঠ বর্ষ / দাওরায়ে হাদিস)

**Equivalent to M.M of Aliah University**

| SEMESTER (1) | SEMESTER (2) | SEMESTER (3) |
|---|---|---|
| ➢ সহীহুল বুখারী (প্রথম খন্ড)<br>➢ সহীহুল মুসলিম (মুক্বদ্দামাহ সহ কিতাবুল ঈমান)<br>➢ ইবনু মাজাহ + মুআত্তা (মালিক)<br>➢ সহীহুল বুখারী (দ্বিতীয় খন্ড) | ➢ সহীহুল বুখারী (প্রথম খন্ড)<br>➢ সুনানুন নাসাঈ + মুআত্তা (মুহাম্মাদ)<br>➢ জামি'উত তিরমিযী (কিতাবুন নিকাহ্ + শামাইল)<br>➢ সহীহুল বুখারী (দ্বিতীয় খন্ড) | ➢ সহীহুল বুখারী (প্রথম খন্ড)<br>➢ সুনানু আবী দাউদ<br>➢ শারহু মা'আনিল আছার<br>➢ সহীহুল বুখারী (দ্বিতীয় খন্ড) |

## বোর্ড অফ কন্ট্রোলার

### মুফতি উসমান গনি (দা.বা.)

[ সিনিয়র অধ্যাপক, তাফসির ও ফিকহ বিভাগ – দারুল উলূম দেওবন্দ ]

### মুফতি মুজ্জাম্মিল বাদায়ূনী (দা.বা.)

[ সিনিয়র অধ্যাপক, তাফসির ও ফিকহ বিভাগ – দারুল উলূম দেওবন্দ ]

### মুফতি আসাদুল্লাহ (দা.বা.)

[ অধ্যাপক ও সহকারী মুফতি, দারুল ইফতা – দারুল উলূম দেওবন্দ ]

## ফাউন্ডার ও প্রেসিডেন্ট

### কাজী মনজুর আলম কাসিমি

[ ফাজিলাত, আদাব, ইফতা – দারুল উলূম দেওবন্দ, ২০১৩-২০২০ ]

## ডাইরেক্টর

### রুহুল আমীন কাসিমি

[ ফাজিলাত – দারুল উলূম দেওবন্দ, ২০০৯-২০১৫ ফাইভ টাইম্স টপার ]

**যোগাযোগ :**

অফিস অব দ্যা ডাইরেক্টর, দারুল হিকমাহ, চাঁদনগর, শ্রীনগর, উত্তর ২৪ পরগনা, ৭৪৩৪২৮, পশ্চিমবঙ্গ, ভারত

ফোন : +৯১ ৮০১৭ ৪২ ৫২ ৩৩

হোয়াটসঅ্যাপ : +৯১ ৯৭৩৪ ১০ ৩২ ৭৭

ইমেইল : darulhikmah.in@gmail.com

ওয়েবসাইট : www.darulhikmah.in